

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১০.৫৩.০০০১.১৪.৭৪৯

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ  
০৬ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: ১ (এক) দিন বয়সী গ্র্যান্ড প্যারেন্ট ষ্টক (জিপি) মুরগীর বাচ্চা আমদানির অনুমতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ব্যবস্থাপনা পরিচালক, Paragon Agro Limited এর ২০/০৪/২০২৫ খ্রি. তারিখের পত্র মোতাবেক।

সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে France হতে ০১ (এক) দিন বয়সী Novogen Layer Grandparent Stock জাতের ৪,৭৮৮ (চার হাজার সাতশত আটশাট)টি মুরগীর বাচ্চা নিয়ে বর্ণিত শর্তে আগামী ০৫/০৮/২০২৫ খ্রি. তারিখের মধ্যে আমদানি করার জন্য অনুমতি প্রদান করা হলো (PI No: ORD-000661, Date: 17/03/2025):

#### শর্তসমূহ:

- ১। অনুমোদিত সকল গ্র্যান্ড প্যারেন্ট ষ্টক মুরগির বাচ্চা “সংক্রামক” রোগমুক্ত এই মর্মে রপ্তানিকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করত: প্রত্যয়ন পত্র আমদানির সময় সঙ্গে প্রদান করতে হবে।
- ২। বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ৩(তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
- ৩। বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ৩ (তিন)টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরাদ্বারা কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকাতে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। অনুমোদিত সকল গ্র্যান্ড প্যারেন্ট ষ্টক বিমান যোগে আমদানি করতে হবে এবং এভিয়ান ইনফ্লুয়েঞ্জা আক্রান্ত দেশের ট্রানজিট গ্রহন করা যাবে না।
- ৫। বাচ্চা আমদানির পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বাচ্চা আমদানির পর রপ্তানিকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এলসির কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। রপ্তানিকারক দেশে Notifiable AI সংক্রামণ দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা আমদানি করলে সকল দায় দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যে কোন সময় আমদানি অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবেন।
- ৯। সরকারি নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
- ১০। মুরগির বাচ্চা দেশে পৌঁছার কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকাকে অবহিত করতে হবে।

#### সকল সংযুক্তিসমূহ:

- (১) সংযুক্তি

০৬-০৫-২০২৫  
ডাঃ সাখাওয়াত হোসেন  
উপপরিচালক

ব্যবস্থাপনা পরিচালক

প্যারাগন এগ্রো লি: ৫, মহাখালী সি/এ, ঢাকা-১২১২, (খামার: কাজলধারা রাজনগর, মৌলভীবাজার, সিলেট, বাংলাদেশ)।

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১০.৫৩.০০০১.১৪.৭৪৯/১ (৭)

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ  
০৬ মে ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
  - ২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, সিলেট।
  - ৩। মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা (রোগ নির্ণয় প্রতিবেদনের এক কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণকরার জন্য অনুরোধ করা হলো)।
  - ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মৌলভীবাজার (হ্যাচারী পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
  - ৫। অফিসার ইনচার্জ, ইনফরমেশন এন্ড আইটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
  - ৬। অফিসার ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা।
- মোবাইল-০১৯৭০৫০৬৮২৪।
- ৭। অফিস কপি, -।



০৬-০৫-২০২৫  
ডাঃ সাখাওয়াত হোসেন  
উপপরিচালক